কেয়ারে থাকা ছেলেমেয়েদের জন্য আরও ভাল শিক্ষা

সংক্ষিপ্তসার

ভূমিকা

একটা সমৃদ্ধ, ন্যায্য এবং শক্তিশালী সমাজ গড়ে তোলার ব্যাপারে আমরা যদি ঐকান্তিক হই, তাহলে পরিবেশ নির্বিশেষে, প্রত্যেকটি ছেলেমেয়েরই তাদের প্রতিভা ও সম্ভাবনার পরিপূর্ণ বিকাশ ঘটানোর সুযোগ অবশ্যই পাওয়া উচিত। অন্য যে কোন ছেলেমেয়ের মত, কেয়ারে থাকা একটি ছেলে বা মেয়ের ক্ষেত্রেও এটা সত্য।

সেইজন্য, যে কোন বাবা/মা তার সন্তানের জীবনে যে সব সুযোগ দেবেন, কেয়ারে থাকা ছেলেমেয়েদের সেই একই রকম সুযোগ দিতে সরকার বদ্ধপরিকর। ভাল শিক্ষার মত আর কিছুই এত গুরুত্বপূর্ণ নয়, কারণ উজ্জ্বল ভবিষ্যতের জন্য এটা অত্যাবশ্যক।

এই কাজটা খুব কঠিন। পরিবার ও বন্ধুবান্ধবের থেকে আলাদা হয়ে যাওয়া, পরিবর্তনশীল পারিপার্শ্বিক এবং স্কুলের বাইরে সময় কাটানোটা যে কোন ছেলেমেয়ের পক্ষেই একটা কঠিন অভিজ্ঞতা। এরকম অনিশ্চিত সময়ে কিছু শেখা আরও অনেক কঠিন হয়ে পড়ে। তাই এটা বোঝা সহজে যে কেয়ার ছেড়ে যাওয়ার সময়, অর্ধেকেরও বেশী ছেলেমেয়ের কোন যোগ্যতা থাকে না কেন। এর আগে, এই সব ছেলেমেয়ের ক্ষেত্রে সমাজ যে অসফল হয়েছে, এটা তারও একটা মাপকাঠি।

এটা ঠিক করতে আমরা বদ্ধপরিকর। সব ছেলেমেয়েদের আরও ভাল শিক্ষা দেওয়ার জন্য, গড়ে তোলার কাজের প্রাথমিক ভিত্তি, আমরা বিনিয়োগ ও সংস্কারের মাধ্যমে ইতিমধ্যেই স্থাপন করেছি। কিন্তু আমাদের আরও কাজ করা দরকার। সেইজন্য, আমি সোশাল এক্সক্লুশন ইউনিটকে দেখতে বলেছি যে কেয়ারে থাকা ছেলেমেয়েদের শিক্ষায় সাফল্যের পরিমাণ বাড়ানোতে সাহায্য করার জন্য সরকার আর কি কি করতে পারে।

কেয়ারে থাকা ছেলেমেয়েদের আরও ভাল শিক্ষা দিতে হলে কি কি সমস্যার সামাধান করতে হবে সে বিষয়ে ব্যাপক অনুসন্ধানের ফল হচ্ছে এই রিপোর্টটি। যে পরিবর্তনগুলি শনাক্ত করা হয়েছে তার ফলে অপেক্ষাকৃত কম সংখ্যক ছেলেমেয়েকে বারবার জায়গা বদল করতে হবে ও স্কুলের বাইরে সময় কাটাতে হবে। শিক্ষার সুযোগ নেওয়া, স্কুলে উপস্থিত থাকা এবং 16 বছর বয়স হওয়ার পরেও স্কুলে থাকার জন্য, কেয়ারে থাকা অল্পবয়সী ছেলেমেয়েদের আরও সাহায্য ও উৎসাহ দেওয়া হবে ও সহায়তা করা হবে। যে সব ছেলেমেয়েরা পিছিয়ে পড়বে তাদের আরও সাহায্য দেওয়া হবে এবং প্রত্যেকটি ছেলেমেয়ের স্বাস্থ্যের উন্নতি করার জন্য ও তাদের আরও ভাল থাকার জন্য শিক্ষক/শিক্ষিকা, সোশাল ওয়ার্কার ও কেয়ারারদের (যারা দেখাশোনা করেন) আরও ভাল প্রশিক্ষণ দেওয়া হবে।

ছেলেমেয়েদের যখন প্রয়োজন এবং যা প্রয়োজন সে অনুযায়ী পরিষেবা (সার্ভিস) দেওয়ার জন্য সরকারের ব্যাপক উদ্দেশ্যের অংশ হচ্ছে এই সংস্কারগুলি। *এভরী চাইল্ড ম্যাটারস্ (Every Child Matters)* নামের বাচ্চাদের গ্রীন পেপারে দেওয়া সরকারের ছেলেমেয়েদের পরিষেবা সংক্রান্ত পরিকল্পনাগুলিও আজকে আমরা ঘোষণা করেছি। সব পরিষেবাগুলিকে একসাথে করা, পরিষ্কার কৈফিয়ত ও দায়িত্ব দেওয়ার ব্যবস্থা, সংস্কার করা এবং কর্মচারীদের ক্ষমতা দেওয়ার প্রস্তাব এর মধ্যে আছে। এতে ছেলেমেয়েদের রক্ষা করার ব্যবস্থা আরও জোরদার হবে এবং যাদের সুযোগ সুবিধার অভাব তারা তাদের বক্তব্য জানাতে পারবেন।

আমার বিশ্বাস যে এই পরিবর্তনগুলি একসাথে মিলে, কেয়ারে থাকা ছেলেমেয়েদের নিজস্ব সম্ভাবনা পরিপূর্ণ করার প্রাপ্য সুযোগ দেবে - এই অল্পবয়সী ছেলেমেয়েদের নিজেদের জন্য এবং আমাদের সম্পূর্ণ সমাজের স্বাস্থ্য ও সমৃদ্ধির জন্য এটা অত্যাবশ্যক।

টোনী ব্লেয়ার

সংক্ষিপ্তসার

আমাদের লক্ষ্য

1. কেয়ারে থাকা প্রত্যেকটি ছেলেমেয়ে যাতে তার নিজস্ব সম্ভাবনা পরিপূর্ণ করতে পারে তা নিশ্চিত করাই হচ্ছে দীর্ঘ ভবিষ্যতের জন্য সরকারের নীতির লক্ষ্য।

2. যে সব বাধা, কেয়ারে থাকা ছেলেমেয়েদের নিজেদের শেখার সম্ভাবনা পরিপূর্ণ করা প্রতিরোধ করে, তা সোশাল এক্সক্লুশন ইউনিটের এই রিপোর্টে পরীক্ষা করে দেখা হয়েছে এবং তাদের জীবনে সুযোগের উন্নতি করার জন্য বিশেষ যে সব কাজ করা দরকার তার দিকে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

প্রধান পরিবর্তনগুলি - কেয়ারে থাকা ছেলেমেয়েদের শিক্ষা সম্বন্ধে সোশাল এক্সক্লুশন ইউনিট-এর রিপোর্ট

- **আরও বেশী নিশ্চয়তা** - যাতে কেয়ারে থাকা ছেলেমেয়েদের এত বেশীবার বাড়ি বা স্কুল বদলাতে না হয়।
- **আরও কম দিন স্কুলের বাইরে থাকা - আরও বেশীদিন শিক্ষার মধ্যে থাকা** - স্কুলে ভর্তি হওয়ায় সাহায্য, নিয়মিতভাবে স্কুলে উপস্থিত থাকা এবং 16 বছর বয়স হয়ে যাওয়ার পরও স্কুলে থাকতে কেয়ারে থাকা ছেলেমেয়েদের সাহায্য করার জন্য আরও সহায়তা করা সমেত শিক্ষা পাওয়ার আরও সুযোগ দেওয়া।
- **স্কুলের কাজে সাহায্য** - শিক্ষক/শিক্ষিকা এবং সোশাল ওয়ার্কারদের আরও প্রশিক্ষণ দিয়ে, ছেলে বা মেয়েটির প্রয়োজন অনুযায়ী আরও ব্যক্তিগত সাহায্যে সহায়তা করার ব্যবস্থা করা।
- **স্কুলের কাজে সহায়তা করার জন্য বাড়ীর থেকে আরও সাহায্য** - ছেলেমেয়েদের শিক্ষার ব্যাপারে কেয়ারারদের আরও ভাল প্রশিক্ষণ দিয়ে।
- **স্বাস্থ্যের উন্নতি ও আরও ভাল থাকা** - শিক্ষক/শিক্ষিকা, সোশাল কেয়ারের কর্মচারী, স্বাস্থ্য সংক্রান্ত কর্মী এবং কেয়ারারদের একসাথে, একটি ছেলে বা মেয়ের স্বার্থের উদ্দেশ্যে কাজ করা।

3. ছেলেমেয়েদের জীবনে সুযোগের উন্নতি করার জন্য বড় পরিবর্তনগুলির প্রস্তাব *এভরী চাইল্ড ম্যাটারস্ (Every Child Matters)* নামের বাচ্চাদের গ্রীন পেপারে দেওয়া হয়েছে।

বাচ্চাদের গ্রীন পেপারের প্রধান প্রস্তাবগুলি

চারটি প্রধান বিষয় লক্ষ্য করে কাজ করা হবে:

- **পরিবার ও কেয়ারারদের সহায়তা করা**
- **তাড়াতাড়ি হস্তক্ষেপ করা - তাড়াতাড়ি শনাক্ত করা এবং কার্যকরীভাবে রক্ষা করা**
- **কৈফিয়ত দেওয়ার ব্যবস্থার উন্নতি এবং আরও বেশীরকম অন্তর্ভুক্ত করা**

4. সোশাল এক্সক্লুশন ইউনিট, কেয়ারে থাকা ছেলেমেয়েদের জন্য বর্তমান লক্ষ্যের পুনর্বিচার করেছে এবং একটা নতুন লক্ষ্য স্থির করা হয়েছে। এই লক্ষ্য অনুযায়ী কাজ করার জন্য আরও বেশী পরিমাণ অর্থসংস্থান পাওয়া যাবে।

নতুন লক্ষ্য

এই নতুন পাব্লিক্ সার্ভিস এগ্রিমেন্ট:

নিচে দেওয়া বিষয়টি সমেত ছেলেমেয়েদের জীবনে সুযোগের উন্নতি করবে:

- **2006 সালের মধ্যে, কেয়ারে থাকা ছেলেমেয়েদের এবং তাদের সমকক্ষদের মধ্যে শিক্ষাগত সাফল্য ও অংশগ্রহণ করার সংখ্যার তফাৎ অনেকটাই কমিয়ে দিয়ে।**

এই লক্ষ্য সম্পাদন করা হয়েছে বলে ধরে নেওয়া হবে যদি, 2006 সালের মধ্যে:

- 11 বছর বয়সীদের ইংরেজী আর অঙ্কের ফলাফল তাদের সমকক্ষদের ফলাফলের অন্ততঃ 60%-এর মত ভাল হয়;
- যারা শিক্ষাব্যবস্থা ছেড়ে দিয়েছে, তুলনামূলকভাবে তাদের সংখ্যা কমে যায়, যাতে একটা জিসিএস্ই (জেনারেল সার্টিফিকেট অফ্ এডুকেশন) বা তার সমান মানের কোন পরীক্ষা না দিয়ে 10%-এর বেশী সংখ্যক ছেলেমেয়ের স্কুল ছাড়ার বয়স না হয়ে যায়; এবং
- জিসিএস্ই পরীক্ষায় এ* - সি (A* - C) গ্রেডের সমান মানের যোগ্যতা অর্জন করা 16 বছর বয়সীদের সংখ্যা 2002 সাল থেকে প্রতি বছর 4% করে বাড়ে; এবং সব অথরিটীতে অন্ততঃ 15% অল্পবয়সী ছেলেমেয়েরা এই যোগ্যতা অর্জন করে।

আরও বেশী পরিমাণ অর্থসংস্থান

2002 সালের খরচের পুনর্বিচারে সরকার আরও বেশী পরিমাণ অর্থসংস্থানের কথা ঘোষণা করেছে:

- 2003 - 2006 ধরে, £252 মিলিয়ন ভাল্নারেবেল্ চিল্ডরেনস্ গ্র্যান্ট, কেয়ারে থাকা ছেলেমেয়েদের সমেত যাদের সবচেয়ে বেশী প্রয়োজন, সেই সব ছেলেমেয়েদের শিক্ষার উদ্দেশ্যে আরও অতিরিক্ত সাহায্য করবে; এবং
- 2003 - 2006 ধরে, অতিরিক্ত আরও £113 মিলিয়ন, চয়েস্ প্রোটেক্টস্ কার্যক্রমের মাধ্যমে কেয়ারে থাকার ব্যবস্থা এবং নিশ্চয়তার উন্নতি করবে।

সরকারের অগ্রগতি

5. কেয়ারে থাকা ছেলেমেয়েদের জীবনে সুযোগের উন্নতি করার উদ্দেশ্যে সম্প্রতি যে বিনিয়োগ ও সংস্কার করা হয়েছে, সোশাল এক্সক্লুশন ইউনিটের রিপোর্টে দেওয়া এই কাজগুলি হবে তার অতিরিক্ত। উন্নতির মধ্যে আছে:

   - ছেলেমেয়েদের পরিষেবার জন্য জাতীয় উদ্দেশ্য ও নতুন অর্থসংস্থান নিয়ে *কোয়ালিটি প্রোটেক্টস্ (Quality Protects)* নামে একটা পাঁচ বছরের কার্যক্রম 1998 সালে শুরু করা হয়েছে;
   - *গাইডেন্স অন্ এডুকেশন অফ্ চিল্ডরেন এ্যান্ড ইয়ং পিপল্ ইন্ পাব্লিক্ কেয়ার* (Guidance om the Education of Children and Young People in Public Care - *সরকারে তত্ত্বাবধানে থাকা শিশু ও অল্পবয়সী ছেলেমেয়েদের শিক্ষা সংক্রান্ত নির্দেশ "জয়েন্ট গাইডেন্স")*, ডিপার্টমেন্ট অফ্ হেল্থ (DH) এবং ডিপার্টমেন্ট অফ্ এডুকেশন এ্যান্ড স্কিলস্ (DfES) যৌথভাবে 2000 সালে প্রকাশ করেছে;
   - চিল্ডরেনস্ হোম এবং প্রতিপালন করার পরিষেবার জন্য সারাদেশে সবচেয়ে কম করে কি মান বজায় রাখতে হবে তা 2002 সালে প্রকাশ করা হয়েছে; এবং
   - যে সব ছেলেমেয়েরা কেয়ার ছেড়ে যাচ্ছে তাদের সহায়তা করার জন্য 2001 সালের অক্টোবর মাস থেকে লোকাল অথরিটীগুলিকে আরও দায়িত্ব দেওয়া হয়েছে।

6. এগুলিতে, কেয়ারে থাকা ছেলেমেয়েদের জন্য দেখার মত উন্নতি হয়েছে, যেমন, ছেলেমেয়েদের শিক্ষাগত প্রয়োজন সম্বন্ধে সামনের সারির কর্মীদের জন্য আরও ভাল প্রশিক্ষণ। তবে, অগ্রগতি সব জায়গায় একরকম নয়। যারা কেয়ার ছেড়ে যাচ্ছে তাদের মধ্যে অর্ধেকেরই একটা বা তার বেশী জিসিএস্ই মানের যোগ্যতা অর্জন করার লক্ষ্য প্রতি চারটি অথরিটীর মধ্যে একটি অথরিটী সম্পাদন করতে পেরেছে।

7. **সমস্যার বিশ্লেষণ করে, কেয়ারে থাকা ছেলেমেয়েদের সাথে কথা বলে, এবং সরকারের সব বিভাগের পরিকল্পনাগুলি অনুযায়ী কাজ করে, কেয়ারে থাকা ছেলেমেয়েদের জীবনে সুযোগের উন্নতি করার জন্য আর কি করা সম্ভব তা সোশাল এক্সক্লুশন ইউনিটকে বিচার করে দেখতে বলা হয়েছিল।**

পটভূমি - বর্তমান অবস্থা

8. কেয়ারে থাকা অনেক ছেলেমেয়েই স্কুলে যাওয়াটা উপভোগ করে, এবং প্রায় সকলেই মনে করে যে এটা গুরুত্বপূর্ণ। কিন্তু, একটা গোষ্ঠী হিসাবে তাদের শিক্ষার ব্যাপারে খারাপ অভিজ্ঞতা হয়েছে এবং তারা খুব কম শিক্ষাগত যোগ্যতা অর্জন করে।

কেয়ারে থাকা ছেলেমেয়ে - প্রধান পরিসংখ্যানগুলি

- যে কোন সময়ে, প্রায় 60,000 ছেলেমেয়ে কেয়ারে থাকে। 2001-02 সালে, কেয়ারে থাকা ছেলেমেয়েদের মধ্যে 41%-এর বয়স 10 বছর বা তার কম ছিল।
- বেশীরভাগ ছেলেমেয়েকে - শতকরা 80 ভাগকে - অপব্যবহার বা অবহেলার জন্য, অথবা পারিবারিক কারণে কেয়ারে যেতে হয়। শতকরা 10 ভাগেরও কম তাদের নিজেদের আচরণের জন্য কেয়ারে যায়।
- দুই-তৃতীয়াংশ প্রতিপালক পিতামাতার সাথে এবং দশজনের মধ্যে একজন চিল্ড্রেনস্ হোমে থাকে।
- চার জনের মধ্যে একজন ছেলে বা মেয়ে তাদের ‘ নিজস্ব’ লোকাল অথরিটীর এলাকার বাইরে থাকে।
- 2001 সালে, সব অল্পবয়সী ছেলেমেয়েদের অর্ধেকের তুলনায়, কেয়ারে থাকা ছেলেমেয়েদের মধ্যে শুধুমাত্র শতকরা 8 জন জিসিএস্ই পরীক্ষায় পাঁচটা বা তার বেশী এ* - সি (A* - C) গ্রেড অর্জন করেছে।
- সাত, 11 এবং 14 বছরের কী স্টেজ পরীক্ষায় কেয়ারে থাকা ছেলেমেয়েরা খুব খারাপ ফল করে। শুধুমাত্র শতকরা 1 জন ইউনিভার্সিটিতে (বিশ্ববিদ্যালয়ে) পড়তে যায়।

9. কেয়ার ছেড়ে যাওয়ার পরে কিছু ছেলেমেয়ে তাদের পরবর্তী জীবনে খুবই সাফল্য লাভ করেন। তবে, অনেকের ক্ষেত্রেই শিক্ষা ও কেয়ারের খারাপ অভিজ্ঞতা **পরে তাদের সামাজিক বিচ্ছিন্নতার** আংশিক কারণ হয়ে দাঁড়ায়:

- **যারা রাস্তাঘাটে ঘুমান**, তাদের মধ্যে এক চতুর্থাংশ থেকে এক তৃতীয়াংশ লোক কেয়ারে ছিলেন;
- কেয়ারে থাকা অল্পবয়সী ছেলেমেয়েদের **তের থেকে উনিশ বছরের মধ্যে বাবা বা মা** হওয়ার সম্ভাবনা আড়াই গুণ বেশী; এবং
- **হাজতে** থাকা লোকদের মধ্যে প্রায় এক চতুর্থাংশ ছেলেবেলায় কিছুদিন কেয়ারে ছিলেন।

10. ব্যক্তিগতভাবে নিজেদের মূল্য দেওয়া ছাড়াও, এর **সামাজিক ও অর্থনৈতিক খরচও** অনেক। যারা কেয়ার ছেড়ে যাচ্ছে তাদের শিক্ষা, চাকরী ও প্রশিক্ষণের উন্নতি করে তাদের সমকক্ষ অন্যান্যদের সমান করতে পারলে, **তিন বছরে আনুমানিক £300 মিলিয়ন** বাঁচানো যেতে পারে। অপেক্ষাকৃত কম অপরাধ ও গৃহহীনতার থেকে বাঁচানো টাকার পরিমাণ আরও অনেক বেশী হবে।

মূল সমস্যাগুলি

11. পাঁচটি মূল কারণ, পরিবর্তন করায় বাধার সৃষ্টি করেছে এবং তার ফলে অগ্রগতি হতে দেরী হয়েছে:

- **সামর্থ্য** - ছেলেমেয়েদের সোশাল কেয়ারের কর্মচারীদের মধ্যে অত্যন্ত বেশী সংখ্যক পদ খালি রয়েছে এবং কেয়ারে থাকা ছেলেমেয়েদের শিক্ষাগত প্রয়োজন সম্বন্ধে কর্মচারীদের যথেষ্ট প্রশিক্ষণ নেই;
- **পরিচালনা ও নেতৃত্ব** - উচ্চপদস্থদের মধ্যে বদ্ধপরিকরতা ও সময়ের অভাব, কর্মচারীরা পরিবর্তন আনতে অক্ষম বলে মনে করেন এবং তা সামনের সারির কর্মচারী ও ম্যানেজারদের মধ্যে বোঝাবুঝির অভাবে আরও জটিল হয়ে দাঁড়ায়;
- **সঙ্গতি** - অর্থসংস্থান আসলে বেড়ে থাকলেও, পর্যাপ্ত পরিষেবা দিতে কোন কোন বিভাগের কষ্ট হয় এবং কৌশল সংক্রান্ত পরিকল্পনার অভাব ও সঙ্গতি ভালভাবে ব্যবহার না করার ফলে এই কষ্ট আরও বেশী হয়।
- **ব্যবস্থা এবং কাঠামগুলি** - সামনের সারির কর্মচারীদের মধ্যে এবং বিভিন্ন বিভাগের লোকাল অথরিটীর কর্মচারীদের মধ্যে যৌথভাবে কাজকর্ম করার ব্যাপক অভাব; এবং
- **মনভাব** - কেয়ারে থাকা ছেলেমেয়েদের সম্পর্কে অনেক কেয়ারার ও সোশাল ওয়ার্কারদের ইতিবাচক মনভাব রয়েছে, কিন্তু পেশাদার লোকদের মধ্যে এবং বিস্তৃত সমাজে নেতিবাচক মনভাব এবং কম আশার ব্যাপারটি প্রায়ই দেখা যায়।

পাঁচটি বড় বিষয়

12. কেয়ারে থাকা ছেলেমেয়েরা কেন শিক্ষার ক্ষেত্রে কম সাফল্য লাভ করে তার পাঁচটি প্রধাণ কারণ সোশাল এক্সক্লুশন ইউনিট শনাক্ত করেছে:

(i) বহু অল্পবয়সী ছেলেমেয়েদের জীবনের বৈশিষ্ট্যই হচ্ছে **অনিশ্চয়তা**;

(ii) কেয়ারে থাকা অল্পবয়সী ছেলেমেয়েরা অত্যন্ত **বেশীদিন স্কুল** বা অন্য শিক্ষার জায়গার **বাইরে থাকে**;

(iii) পিছিয়ে পড়লে ছেলেমেয়েরা তাদের **শিক্ষার ব্যাপারে যথেষ্ট সাহায্য** পায় না;

(iv) বাড়ীতে শেখা ও বিকাশের জন্য, যথেষ্ট **সাহায্য ও উৎসাহ** দেবে বলে কেয়ারারদের কাছে আশা করা হয় না অথবা তাদের তা দেওয়ার ক্ষমতা থাকে না;

(v) **আবেগ, মানসিকও শারীরিক স্বাস্থ্য এবং ভাল থাকার** ব্যাপারে কেয়ারে থাকা ছেলেমেয়েদের আরও সাহায্য দরকার হয়।

নিশ্চয়তা

13. কেয়ারে থাকা ছেলেমেয়েদের মধ্যে বেশীরভাগই একবার মাত্র কেয়ারে ঢোকে এবং কেয়ারে তাদের একটাই জায়গায় থাকতে হয়। তবে 2001-02 সালে, **প্রতি সাতজনের মধ্যে একজনকে, তিনটি বা তার বেশী জায়গায় থাকতে হয়েছে। যে সব অল্পবয়সী ছেলেমেয়েদের সাথে সোশাল এক্সক্লুশন ইউনিট আলাপ-আলোচনা করেছে, তাদের মধ্যে এক তৃতীয়াংশের বেশী ছেলেমেয়েকে**, কেয়ারের থাকার জায়গা বদল হওয়ার জন্য **অন্ততঃ দুবার স্কুল বদল করতে হয়েছে।**

14. একটা উপযুক্ত থাকার জায়গা খুঁজে বের করা এবং সেটা বজায় রাখা হচ্ছে নিশ্চয়তা বজায় রাখার উপায়। বেছে নেওয়ার জন্য থাকার জায়গার অভাব এবং কেয়ারে থাকার জায়গা সংক্রান্ত কৌশলগত পরিকল্পনা ও থাকার জায়গা ঠিক করা ভাল না হওয়ায় সোশাল ওয়ার্কারদের কাজে বিঘ্ন ঘটে।

স্কুলের বাইরে থাকা এবং শিক্ষার মধ্যে থাকা

15. ছোট বয়সের ব্যবস্থা ব্যবহার করার সুযোগ পাওয়া সম্বন্ধে প্রমাণের পরিমাণ খুবই সীমিত। অনেক লোকাল অথরিটীই জানে না যে তাদের কেয়ারে থাকা ক'জন তিন ও চার বছর বয়সীরা নার্সারীতে যায়।

16. কেয়ারে থাকা স্কুলে যাওয়ার বয়সের ছেলেমেয়েদের বেশীরভাগই প্রধান ধারার স্কুলে স্থায়ীভাবে রয়েছে। তবে, একটা বড় সংখ্যালঘু গোষ্ঠী, প্রধান ধারার বাইরের ব্যবস্থায় রয়েছে এবং তার মধ্যে কিছু, সপ্তাহে শুধুমাত্র কয়েক ঘন্টার জন্য শিক্ষা লাভ করছে। অনেকেরই দীর্ঘদিন স্কুল বাদ পড়ে যায় কারণ:

- **তারা স্কুলে জায়গা পায়নি;**
- **তাদের স্কুল থেকে বার করে দেওয়া হয়েছে;** অথবা
- **তারা নিয়মিতভাবে স্কুলে যায় না।**

17. 2001-02 সালে, সব 19 বছর বয়সীদের 86%-এর তুলনায়, কেয়ার থেকে বেড়োনো ছেলেমেয়েদের মধ্যে শুধুমাত্র 46% চাকরী করছে অথবা শিক্ষা বা প্রশিক্ষণ নিচ্ছে বলে জানা গিয়েছে।

স্কুলের কাজে সাহায্য

18. যে সব ছেলেমেয়েরা কেয়ারে থাকে, তাদের **শিক্ষার জন্য হয়ত আরও বেশী সাহায্য** দরকার হতে পারে, কারণ তাদের হয়ত **স্কুলের শিক্ষার কিছুটা বাদ গেছে**, অথবা তাদের বিশেষ শিক্ষাগত প্রয়োজন (SEN - special educational needs) রয়েছে। সব ছেলেমেয়েদের 3%-এর তুলনায়, **এক বছর বা তার বেশীদিন কেয়ারে থাকা 27% ছেলেমেয়ের বিশেষ শিক্ষাগত প্রয়োজনের (SEN) বিবৃতি আছে**।

19. শেখার ব্যাপারে পরামর্শদাতা, অথবা নির্যাতন-বিরোধী ও স্কুল পালানো-বিরোধী উদ্যোগগুলির মত সারা স্কুল জোড়া সাহায্যের ব্যবস্থার থেকে কেয়ারে থাকা ছেলেমেয়েদের হয়ত উপকার হতে পারে। তাছাড়াও, জয়েন্ট গাইডেন্স-এ, কেয়ারে থাকা প্রত্যেকটি ছেলে বা মেয়ের জন্য ব্যক্তিগত শিক্ষার পরিকল্পনা (পার্সোনাল এডুকেশন প্ল্যান) এবং প্রতিটি স্কুলে শিক্ষক/শিক্ষিকাদের মনোনীত করে দেওয়ার প্রচলন করা হয়েছে ।

20. স্কুল ছাড়ার পরে আরও বেশী শিক্ষা এবং উচ্চশিক্ষা করার সময়, কেয়ারে থাকা এবং কেয়ার ছেড়ে যাওয়া ছেলেমেয়েদের আরও বেশীরকম সাহায্য দরকার হতে পারে, বিশেষ করে তাদের স্কুলের কিছুটা বাদ পড়ে যাওয়ার পর তারা যদি আবার শিক্ষা নিতে শুরু করে।

বাড়ীর থেকে সাহায্য এবং উৎসাহ

21. যে সব কেয়ারার এবং সোশাল ওয়ার্কার সাফল্যের সাথে শিক্ষার সহযোগিতা করেন তাদের, এই ছেলেমেয়েদের জন্য উচ্চাশা, সকলের ভূমিকা ও দায়িত্ব সম্বন্ধে পরিষ্কার ধারণা, শিক্ষা সম্বন্ধে সাম্প্রতিক তথ্য, এবং উন্নতি ও শেখার সহায়তা করার মত দক্ষতা রয়েছে।

22. ছেলেমেয়েদের শিক্ষার জন্য দেওয়া সাহায্যের পরিমাণ ও মান **বহু রকমের** হয়, এমনকি একই লোকাল অথরিটীর ভিতরে। যদিও কোন কোন কেয়ারার অতি চমৎকার সাহায্য দিয়ে থাকেন, অন্যরা তা দেন না - হয় তারা জানেন না যে সেই ছেলে বা মেয়েটিকে সাহায্য করার সবচেয়ে ভাল উপায় কি নয়ত এটা তাদের দায়িত্ব বলে মনে করেন না।

23. **অল্পবয়সীদের উপযোগী কাজ এবং স্কুলের বাইরের ক্রিয়াকলাপ**, ছেলেমেয়েদের ব্যাপক শিক্ষা ও বিকাশের কাজে বড় রকমের সাহায্য করতে পারে। যারা কেয়ারে থাকে তাদের মধ্যে তিন-চতুর্থাংশ স্কুল ছুটি হয়ে যাওয়ার পরে ক্রিয়াকলাপ এবং ক্লাবে যোগদান করতে পারে।

স্বাস্থ্য এবং ভাল থাকা

24. একটি ছেলে বা মেয়ের আবেগ, মানসিক এবং শারীরিক অবস্থা, শিক্ষার ফলাফলের ওপর খুব বেশীরকম প্রভাব ফেলে। আত্মবিশ্বাস ও আত্মসম্মান বাড়ানোর মাধ্যমে, খেলাধুলায় যোগদান করা এবং স্বাস্থ্য সংক্রান্ত শিক্ষার সুযোগ দিয়ে, স্কুল একটি ছেলে বা মেয়ের স্বাস্থ্যের উন্নতি করতে পারে।

25. থাকার জায়গার পরিবর্তন, স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা বাড়িয়ে তুলতে পারে এবং রোগনির্ণয় করা আরও কঠিন হয়ে দাঁড়াতে পারে। অনিশ্চয়তা, নির্যাতন এবং মানসিক আঘাত, এই সবই একটি ছেলে বা মেয়ের মানসিক স্বাস্থ্যের ওপর প্রভাব ফেলতে পারে।

26. যে সব ছেলেমেয়েদের মানসিক স্বাস্থ্যের সমস্যা আছে, তাদের পক্ষে চাইল্ড এ্যান্ড এ্যাডোলেসেন্ট মেন্টাল হেল্থ সার্ভিসগুলি (শিশু ও অল্পবয়সী ছেলেমেয়েদের জন্য মানসিক স্বাস্থ্যের পরিষেবা - CAMHS) পাওয়া কঠিন হতে পারে। কোন কোন এলাকায়, অপেক্ষা করার সময় 12 - 18 মাসের মত দীর্ঘদিন হতে পারে। আগামী তিন বছরে £250 মিলিয়নের মত অর্থ সাহায্য দিয়ে, প্রতি বছরে চাইল্ড এ্যান্ড এ্যাডোলেসেন্ট মেন্টাল হেল্থ সার্ভিসগুলিকে অন্ততঃ শতকরা 10 ভাগ বাড়ানো হচ্ছে সরকারের লক্ষ্য।

কেয়ারে থাকা ছেলেমেয়েদের জন্য দেওয়া - সারা দেশ জুড়ে সরকারের কাজ

27. কোয়ালিটি প্রোটেক্টস্ এবং অন্যান্য কার্যক্রমের উপর ভিত্তি করে আটটি বিষয়ে সরকার ব্যবস্থা নেবে। প্রধান রিপোর্টের চ্যাপ্টার নয়-এ দেওয়া কাজের সম্পূর্ণ তালিকার মধ্যে রয়েছে:

(i) **আইন পাস করানো সংক্রান্ত চিল্ডরেনস্ গ্রীন পেপারের বিষয়ে পরামর্শ করার মাধ্যমে, কৈফিয়ত দেওয়ার ব্যবস্থার উন্নতি করার জন্য:**

- একটা চিল্ডরেনস্ সার্ভিসের ডিরেক্টরের পদ সৃষ্টি করা;
- ছেলেমেয়েদের জন্য একজন কাউন্সিল সদস্যকে নেতা হিসাবে ঠিক করা; এবং
- কেয়ারে থাকা ছেলেমেয়েদের শিক্ষাগত সাফল্য সম্বন্ধে প্রচার করাটাকে লোকাল অথরিটীগুলির একটা কর্তব্য করে দেওয়া।

(ii) **সামনের সারিকে আরও কার্যকরীভাবে সাহায্য করা:**

- সোশাল ওয়ার্কার এবং কেয়ারে থাকা ছেলেমেয়েদের সাথে অন্যান্য যারা কাজ করেন তাদের ভূমিকা ও দায়িত্ব পরিষ্কারভাবে বুঝিয়ে দিয়ে; এবং
- ফস্টার কেয়ারারদের (প্রতিপালক পিতা-মাতাদের) আরও সাহায্য ও প্রশিক্ষণ দিয়ে, যাতে তাদের সাথে থাকার ব্যবস্থা ভেঙ্গে না যায় এবং কেয়ারাররা যাতে স্কুলের কাজের জন্য বাড়ীর থেকে আরও ভাল সাহায্য দিতে পারেন।

(iii) **লোকাল অথরিটীদের যথেষ্ট সঙ্গতি থাকা নিশ্চিত করা:**

- ভাল্‌নারেবেল্ চিল্ডরেনস্ গ্র্যান্ট (তিন বছরে £252 মিলিয়ন) এবং চয়েস্ প্রোটেক্টস্-এর অর্থের (তিন বছরে £113 মিলিয়ন) মাধ্যমে। 2004 সালের 1লা এপ্রিল থেকে, কোয়ালিটি প্রোটেক্টস্ গ্র্যান্টটা লোকাল অথরিটীর বাজেটে প্রধান ধারার অর্থ হিসাবে দেওয়া হবে।

(iv) **কেয়ার কি তা বোঝার, এবং যারা কেয়ারে রয়েছে তাদের সম্বন্ধে ধারণার উন্নতি করা:**

- যাতে নির্যাতন ও অপবাদ প্রতিরোধ করতে সাহায্য হয় সেইজন্য, কেয়ার সম্বন্ধে বোঝানো এবং ইতিবাচক ধারণা প্রচার করার সবচেয়ে ভাল উপায় বিবেচনা করার জন্য লোকাল অথরিটী ও অন্যান্যদের সাথে একসাথে কাজ করে।

(v) **থাকার জায়গা নির্দিষ্ট করার পরিকল্পনার উন্নতি করার উদ্দেশ্যে দীর্ঘকালের জন্য আইনগত কাঠাম ও নির্দেশের সংস্কার করার কাজে, নিচের বিষয়গুলি সম্বন্ধে তাদের পরিকল্পনাগুলির বিষয়ে সরকার আরও পরামর্শ করবে:**

- কেয়ারে থাকার জায়গার পরিবর্তনের জন্য স্কুল বদল করতে হওয়ার সংখ্যা কমানো;
- বহুদূরে থাকার জায়গার ব্যবস্থা করা কমানো; এবং
- আঞ্চলিকভাবে বিশেষজ্ঞের পরিষেবার ব্যবস্থার উন্নতি করা।

(vi) **মানের উন্নতি করা:**

- জেনারেল সোশাল কেয়ার কাউন্সিলের (GSCC - জিএস্‌সিসি) কাছে সুপারিশ করে যে জিএস্‌সিসি-এর খাতায় নাম রাখতে হলে, যে সব সোশাল কেয়ারের কর্মচারী পরিবারদের সাথে কাজ করেন, ছেলেমেয়েদের শিক্ষা ও বিকাশের বিষয়ে তাদের অবশ্যই সাম্প্রতিক জ্ঞান থাকতে হবে।

(vii) **বর্তমান ও ভবিষ্যতে নীতি ঠিক করার সময় কেয়ারে থাকা ছেলেমেয়েদের অগ্রাধিকার দেওয়া:**

- বাচ্চাদের স্কুল শুরু হওয়ার আগের (প্রি-স্কুল) কার্যক্রমে, কেয়ারে থাকা ছেলেমেয়েদের এবং তাদের কেয়ারারদের প্রয়োজনকে স্বীকৃতি দিয়ে; এবং
- ছেলেমেয়েদের মানসিক ও আবেগ সংক্রান্ত স্বাস্থ্যের উন্নতি করে।

(viii) **তথ্য ও গবেষণাকে আরও ভালভাবে ব্যবহার করা:**

- স্কুলের সেন্‌সাসের (আদমশুমারির) ফলাফল ব্যবহার করে (বিশেষ করে সংখ্যালঘু এথ্‌নিক্ সম্প্রদায়গুলির ছেলেমেয়ে ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের ফলাফল বোঝার জন্য); এবং
- কেন্দ্রীয় সরকারের তথ্যের প্রয়োজনগুলিকে সমন্বয়পূর্ণ করে।

কেয়ারে থাকা ছেলেমেয়েদের জন্য দেওয়া - স্থানীয় কাজ সম্বন্ধে সুপারিশ

28. ছ'টি বিষয়ে অগ্রগতির ওপর ভিত্তি করে, লোকাল অথরিটী, স্কুল এবং বেসরকারী কেয়ারদাতাদের ব্যবস্থা নেওয়া দরকার। প্রধান রিপোর্টের চ্যাপ্টার দশ-এ দেওয়া সম্পূর্ণ তালিকার মধ্যে রয়েছে:

(i) **পরিকল্পনার উন্নতি:**

- প্রায়ই জায়গা বদল করা কমানোর উদ্দেশ্যে, থাকার জায়গার ভবিষ্যত প্রয়োজন নির্ধারণ করার জন্য কৌশল ঠিক করার স্তরে, আরও ভাল পরিচালনা সংক্রান্ত তথ্য ব্যবহার করা উচিত; এবং
- প্রত্যেকটি ছেলে বা মেয়ের নিজস্ব শিক্ষা সংক্রান্ত একটা লক্ষ্য থাকা উচিত।

(ii) **কেয়ারে থাকা ছেলেমেয়েদের অগ্রাধিকার দেওয়া:**

- স্কুলে যাওয়ার আগের বয়সের বাচ্চাদের জন্য দেওয়া স্থানীয় পরিষেবা সম্বন্ধে কেয়ারাররা যাতে ভালমত জানেন এবং সেই পরিষেবা তারা ব্যবহার করতে পারেন তা লোকাল অথরিটীগুলির নিশ্চিত করা উচিত; এবং
- ভর্তি হওয়ায় সুবিধা করার উদ্দেশ্যে, তাদের অর্থসংস্থান ব্যবহার করে কেয়ারে থাকা ছেলেমেয়েদের জন্য বৃত্তি দেওয়ার কথা লোকাল অথরিটীগুলির বিবেচনা করে দেখা উচিত।

(iii) **কেয়ারে থাকা ছেলেমেয়েদের আরও সাহায্য দেওয়া:**

- প্রত্যেকটি ছেলেমেয়ের যাতে স্কুল ছুটির পরে ভাল মানের ক্রিয়াকলাপে অংশ নেওয়ার এবং উপযুক্ত ও আধুনিক শিক্ষামূলক বই, খেলনা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সরঞ্জাম ব্যবহার করার সুযোগ থাকে তা লোকাল অথরিটীগুলির নিশ্চিত করা উচিত;
- যে সব ছেলেমেয়ে কোন স্কুলে জায়গা পায়নি, সাথে সাথেই তাদের পুরো-সময় শিক্ষা দেওয়ার ব্যবস্থা লোকাল অথরিটীর করা উচিত; এবং
- কেয়ার ছেড়ে যাওয়া ছেলেমেয়েদের বিশেষ প্রয়োজনগুলি সম্বন্ধে সচেতনতা বাড়ানোর উদ্দেশ্যে, কেয়ার ছেড়ে যাওয়ার সাথে সংশ্লিষ্ট পরিষেবাগুলির, কর্মচারীদের প্রশিক্ষণ দেওয়ার মাধ্যম সমেত, কলেজ ও ইউনিভার্সিটিগুলির সাথে কাজ করা উচিত।

(iv) **কেয়ারে থাকা ছেলেমেয়েদের কথা শোনা এবং তাতে সাড়া দেওয়া:**

- একটি ছেলে বা মেয়েকে যদি স্কুল থেকে বার করে দেওয়া হয়, তাহলে এ্যাড্‌ভাইস সেন্টার ফর এডুকেশন এক্সক্লুশনস্-এর সাথে সোশাল ওয়ার্কারদের পরামর্শ করা উচিত এবং সেই ছেলে বা মেয়েটির এবং তার কেয়ারারের মতামত হিসাবের মধ্যে নিয়ে, উপযুক্ত রকমের আপত্তি জানানো উচিত; এবং
- তাদের শিক্ষার ব্যবস্থা সংক্রান্ত বিষয়গুলি সম্বন্ধে শিশু ও অল্পবয়সী ছেলেমেয়েদের মতামত জিজ্ঞাসা করা, এবং তাদের মতামত অনুযায়ী কাজ করা উচিত।

(v) **সোশাল ওয়ার্কার এবং শিক্ষক/শিক্ষিকাদের জন্য প্রশিক্ষণ ও সাহায্য:**

- কর্মচারীদের জন্য লোকাল অথরিটীগুলির যৌথ প্রশিক্ষণের ব্যবস্থা করা উচিত এবং যেখানে সম্ভব সেখানে, এর মধ্যে কেয়ারে থাকা বা কেয়ার ছেড়ে যাওয়া ছেলেমেয়েদের দেওয়া শিক্ষার সেশন থাকা উচিত; এবং
- প্রতিপালক বাবা ও মায়ের উপযুক্ততার প্রাথমিক নির্ধারণের অংশ হিসাবে, একজন ছেলে বা মেয়ের শিক্ষায় তাদের সাহায্য করার ক্ষমতাও বিচার করে দেখা উচিত এবং যারা প্রয়োজনীয় মান অর্জন করতে পারেননি, তাদের অতিরিক্ত সাহায্য দেওয়া উচিত।

(vi) **পরিষেবার উন্নতির দিক্‌নির্দেশ করার জন্য তথ্য ব্যবহার করা:**

- কেয়ারে আসা বা কেয়ার ছেড়ে যাওয়ার জন্য অথবা কেয়ারের থাকার জায়গার পরিবর্তনের জন্য কতজন ছেলেমেয়েকে স্কুল বদল করতে হয় তার ওপর লোকাল অথরিটীগুলির নজর রাখা উচিত; এবং
- শতকরা কতজন ছেলেমেয়েদের নিজস্ব শিক্ষা সংক্রান্ত লক্ষ্য অর্জন করতে পারছে সে বিষয়ে লোকাল অথরিটীদের তথ্য সংগ্রহ করা উচিত।

স্থানীয় কাজে সাহায্য করার জন্য, সোশাল এক্সক্লুশন ইউনিট একটা ভাল পদ্ধতির নির্দেশিকা প্রকাশ করেছে। এই বিষয়গুলি সম্বন্ধে কাজ করার উদাহরণ এর মধ্যে দেওয়া হয়েছে। www.socialexclusionunit.gov.uk ঠিকানায় এটা খুঁজে দেখুন অথবা 020 7944 8133 নম্বরে টেলিফোন করুন।

সাফল্য মাপা – এটা কাজ করছে কিনা তা আমরা কি ভাবে জানতে পারব?

29. পাব্‌লিক্ সার্ভিস এগ্রিমেন্টের লক্ষ্য ছাড়াও, এই রিপোর্টে বলা কাজগুলি সম্পূর্ণভাবে করা নিশ্চিত করার জন্য সরকার কিছু ব্যবস্থা কার্যকরী করবে।

অগ্রগতির ওপর নজর রাখা হবে এবং যে কাজগুলির মাধ্যমে তা ভালভাবে পরীক্ষা করে দেখা হবে সেগুলি হল:

- এই রিপোর্টে বলা কাজগুলিকে স্থানীয়ভাবে কার্যকরী করাটা যাতে কাজের মান নির্ধারণ করার (পার্‌ফর্‌মেন্স এ্যাসেস্‌মেন্টের) অন্তর্ভুক্ত করা হয় তা নিশ্চিত করার উদ্দেশ্যে প্রধান ইন্সপেক্টরেটগুলির সাথে কাজ করা;
- কিরকম অগ্রগতি হচ্ছে তার ওপর নজর রাখার জন্য, ছেলেমেয়েদের শিক্ষার ফলাফলের বর্তমান মাপকাঠিগুলি ব্যবহার করা হবে এবং ইন্সপেক্টরেটগুলির সাথে কাজ করে, কী স্টেজ পরীক্ষায় ছেলেমেয়েদের সাফল্য, মৌলিক দক্ষতা এবং 16 বছর বয়সের পর ইউনিভার্সিটি বা কলেজে যাওয়ার ওপর নজর রাখার উদ্দেশ্যে নতুন মাপকাঠি সৃষ্টি করা;
- একটি ছেলে বা মেয়ের অগ্রগতি মাপার জন্য 'মূল্যবৃদ্ধি করে' এরকম লক্ষ্য ঠিক করার সম্ভাবনা সমেত আরও কিছু লক্ষ্য ও মাপকাঠির প্রবর্তন করা হবে কিনা তা 2004 সালের খরচের পুনর্বিচারের অংশ হিসাবে বিবেচনা করা; এবং
- এই রিপোর্টকে কার্যকরী করার জন্য একটা নতুন প্রকল্পের গ্রুপ গঠন করা। এই গ্রুপের কাজকর্মের তত্ত্বাবধান করবে মিনিস্টেরিয়াল কমিটি অন্‌ সোশাল এক্সক্লুশন, এবং মিনিস্টেরিয়াল সাব-কমিটি অন্‌ দা ডেলিভারী অফ্‌ সার্ভিসেস্‌ ফর চিল্ডরেন, ইয়ং পিপল্‌ এ্যান্ড ফ্যামিলিজ্‌ এবং কেয়ারে থাকা ছেলেমেয়েদের শিক্ষার ব্যাপারে একটা বাইরের উপদেশ দেওয়ার গ্রুপ।

আরও তথ্য

এই সংক্ষিপ্তসারটি এর পরে দেওয়া ভাষাগুলিতে নিচে দেওয়া ঠিকানার থেকে পাওয়া যায়: ইংরেজী, গুজরাটী, ক্যান্টনীজ্, হিন্দি, উর্দু, এবং পাঞ্জাবী। এই সংক্ষিপ্তসারটির কপি (প্রতিলিপি) এই সব ভাষায় www.socialexclusionunit.gov.uk ঠিকানায় সোশাল এক্সক্লুশন ইউনিট-এর ওয়েবসাইট থেকেও ডাউনলোড করা যায়।

ব্রেইল ও কানে শোনার টেপ-এর সংস্করণও নিচের ঠিকানা থেকে পাওয়া যায়।

সম্পূর্ণ রিপোর্টটা এবং এই কাগজটির আরও কপি (প্রতিলিপি) ওয়েবসাইট থেকে অথবা নিচের ঠিকানা থেকে পাওয়া যাবে।

যোগাযোগ করুন:

Social Exclusion Unit (সোশাল এক্সক্লুশন ইউনিট)
Office of the Deputy Prime Minister
7/G10 Floor
Eland House
Bressenden Place
London SW1E 5DU
টেলিফোন: 020 7944 8133
ই-মেইল: seupublications@odpm.gsi.gov.uk

সোশাল এক্সক্লুশন ইউনিট-এর রিপোর্ট অথবা ভাল পদ্ধতি সংক্রান্ত নির্দেশিকাগুলির জন্য
দয়া করে www.socialexclusionunit.gov.uk ঠিকানায় দেখবেন অথবা 020 7944 8133 নম্বরে টেলিফোন করবেন

Social Exclusion Unit (সোশাল এক্সক্লুশন ইউনিট)
Office of the Deputy Prime Minister
7/G10, Eland House
Bressenden Place
London SW1E 5DU

টেলিফোন: 020 7944 5550

চিল্ডরেনস্ গ্রীন পেপারের জন্য দয়া করে যোগাযোগ করুন: 0870 000 2288

ডিপার্টমেন্ট ফর এডুকেশন এ্যান্ড স্কিলস্: www.dfes.gov.uk টেলিফোন: 0870 000 2288

এডুকেশন প্রোটেক্টস্ ওয়েবসাইট: www.dfes.gov.uk/educationprotects

© ক্রাউন কপিরাইট 2003

প্রকাশের তারিখ: সেপ্টেম্বর 2003